


An Online News Bulletin for Preservation and Promotion of Bengali Language and Culture. An initiative of the Bengal Association, Delhi

DATE OF PUBLISHING
6th JANUARY 2025

# অ্যাসোসিয়েশন সংবাদ-২৮২

## জানুয়ারি ২০২৫

## ASSOCIATION SAMBAD JANUARY 2025

www.bengalassociation.com

Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001 Tel. 23344808
E.mail : bengalassociation1819@gmail.com

## সম্পাদকের কলমে


**"ঝিমঝিমে হিম-হাওয়া বয় বার বার**
**দিকে দিকে বাজে যেন শীতের সেতার।"**

শিশিরের শব্দের মতো হিমালয়ের হিম হিম হাওয়া উড়ে এসে সাময়িক কষ্ট হলেও, মন ভিজেছে ঘন কুয়াশায়। সোনালী সূর্য দয়ালু হয়ে ধরা দিচ্ছে না খুব সহজে। মানুষ প্রকৃতির পুত্র হয়েও সমুদ্র-পাহাড়-আকাশ-চন্দ্রমা জয় করে ফেললেও লেপ্টে থাকা শীতের দুর্ভোগ হাসিমুখে জয় করে নিতে পারেনি। তবে শিশির ধৌত মাসে রসনাবিলাসী বাঙালির মন ঠিক মেতে উঠেছে সুমিষ্ট খেজুরগুড়ের রসে, পাটালিগুড়ের রকমারি পিঠে ও পায়েসে। আর মায়াভরা কুয়াশাকে সাথী করে চড়ুইভাতি কিংবা কোথাও লাল নীল সুতোর মাঞ্জা দেওয়া লাটাই নিয়ে শুরু হয়েছে আকাশের বুকে রঙিন ঘুড়ির মেলা।

মুক্তমনা বাঙালির সংস্কৃতি হল ধর্ম যার যার, উৎসব সবার। ভারতবর্ষে প্রথম ক্রিসমাস পালন করা হয়েছিল ব্রিটিশ শাসক জব চার্ণকের হাত ধরেই। আর এই খ্রিস্টমাসের আড়ম্বরে, সম্প্রীতির অমল বন্ধন প্রসারিত হয়ে সারা বিশ্বজুড়ে চার্চগুলো সেজে উঠেছিল, ক্রিসমাস ট্রি, সান্তাক্লজের লাল সাদা টুপি-পোশাকে এবং রঙিন আলোকমালায়। বড়দিনের অপরিহার্য অঙ্গ হিসাবে এবারেও প্রার্থনা সঙ্গীত হিসাবে গাওয়া হয়েছে ক্রিসমাস ক্যারল।

ইউরোপ এবং এশিয়ার সংযোগস্থলে অবস্থিত, অর্থোডক্স খ্রিষ্টান সম্প্রদায় সমৃদ্ধ জর্জিয়া দেশে ভ্রমণকালে শুনেছিলাম, জর্জিয়ান ক্যালেন্ডার অনুযায়ী সেই দেশে বড়দিন পালন করা হয় ৭ই জানুয়ারী। এই উৎসবের সময় সমগ্র জর্জিয়া জুড়ে শহর এবং গ্রামের মধ্য দিয়ে পাদ্রীরা, ব্যানার বহন করে মিছিলের সময়, সুরেলা জর্জিয়ান ক্যারোলগুলি রাস্তায় গাইতে গাইতে মিছিলের নেতৃত্ব দেয় এবং পুরুষ, মহিলা এবং শিশুরা তাঁদের অনুসরণ করে। মেষপালক, সৈন্য, বিখ্যাত ধর্মীয় ব্যক্তিত্ব বা ঐতিহ্যবাহী জর্জিয়ান পোশাক পরে, মিছিলের সদস্যরা একে অপরকে অভিনন্দন জানায় এবং দাতব্য সংস্থার জন্য অর্থ সংগ্রহ করে। জর্জিয়ানরা অতিথিপরায়ণ হিসাবে সুপরিচিত। এই ক্রিসমাস


BENGAL ASSOCIATION
NEW DELHI
HAPPY NEW YEAR
WELCOMING 2025
Here's to fresh starts, new opportunities, and a prosperous New Year ahead


সুখে-দুঃখে
আনন্দে-উৎসবে
সবার সঙ্গে


©RajaC

উদ্‌যাপনের দিন, এনারা সাধারণত পরিবার এবং বন্ধুদের সাথে একটি সঙ্গীতপূর্ণ দিন এবং ঐতিহ্যবাহী খাদ্য ও পানীয়ের মাধ্যমে কাটিয়ে থাকেন।

বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লির অধ্যক্ষ শ্রী তপন রায়, সাধারণ সম্পাদক শ্রী প্রদীপ গাঙ্গুলী এবং আমাদের সমস্ত কার্যনির্বাহী সমিতির সদস্যদের তরফ থেকে, সকল সদস্য ও তাদের পরিবারবর্গ এবং দিল্লি বাসীকে ইংরেজি নতুন বছরের অসংখ্য শুভেচ্ছা, আন্তরিক প্রীতি ও শুভকামনা রইলো। **নতুন বছরের নতুন যাত্রা সুখ আর সমৃদ্ধিময় হয়ে উঠুক। হ্যাপি নিউ ইয়ার ২০২৫।**

## বেঙ্গল অ্যাসোসিয়েশনের নিজস্ব সংবাদ

গত ১৩-১৫ ডিসেম্বর, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশন, সাউথ এশিয়ান শর্ট ফিল্ম ফেস্টিভালের সহযোগিতায়, এই বছরের শেষ অনুষ্ঠান হিসাবে, "বিয়ন্ডবাউন্ডস" শীর্ষক তিনদিন ব্যাপী আন্তর্জাতিক ডকু-শর্ট ফিল্ম উৎসবের দ্বিতীয় মরশুমের আয়োজন বেশ সাড়ম্বরেই সমাপ্ত হয়েছে। বিভিন্ন আঙ্গিকের শর্ট ফিল্ম নিয়ে যাঁরা চিন্তা ভাবনা করেন, তাঁদের শৈল্পিক প্রতিভা অন্বেষণে এবং সমাজের প্রতিবিম্ব হিসাবে তাঁদের কাজকে উৎসাহ দান করতেই আমাদের এই বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছিলো। এবারের এই উৎসবে, যুক্তরাজ্যে, মার্কিন যুক্তরাষ্ট্র, ইরান, বাংলাদেশ, শ্রীলঙ্কা, পাকিস্তান, আফগানিস্তান এবং ভারতের বিভিন্ন অংশ সহ বিশ্বের একগুচ্ছ পুরস্কার বিজয়ী তথ্যচিত্র এবং শর্ট ফিল্ম প্রদর্শিত হয়েছিলো। এই উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে, সন্ধ্যায় প্রধান অতিথি হিসাবে আমাদের সকলের মাঝে উপস্থিত ছিলেন, প্রখ্যাত অভিনেতা ধৃতিমান চট্টোপাধ্যায়। পরিচালক স্পন্দন বন্দোপাধ্যায়, এই জনপ্রিয় অভিনেতাকে নিয়ে একটি তথ্যচিত্র নির্মাণ করেছেন, যার নাম 'দ্য টকিং হেড'। প্রথমদিনের সন্ধ্যায় প্রদর্শন সহ একটি মনোজ্ঞ আলাপ আলোচনার আয়োজন করা হয়েছিলো। এই বিশেষ আলোচনায় ওনারা ছাড়াও অংশ নিয়েছিলেন, জহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের স্কুল অফ আর্ট অ্যান্ড অ্যাসথেটিক্স এর সহযোগী অধ্যাপক কৌশিক ভৌমিক।


# Enjoy rustic village retreat near Digha.



WINTER PACKAGE

RS.1650/-

Includes Stay
Breakfast
Lunch
Dinner,
Unlimited
Tea/Coffee
per person.



•Sprawling 3 acres located in the midst of village Dantunia, Paschim Midnapore •Large ponds surrounded by coconut, Palmyra, mango trees. •Newly built cottage with verandah overlooks an adjoining pond amok with fish. •Freshly prepared vegetables, fishes, chicken, paneer from our village farm, cooked in earthen pots.

•Fishing •Betel garden tour •Village tour
•Digha tour •Bichitrapur mangrove forest tour



Dighar Pothe Homestay

**For more information**
**WhatsApp/Call at 9560527995**

*Pickup / Drop available from Kolkata, Digha & Jaleshwar.*

*Village Dantunia, Mohanpur, West Midnapore, West Bengal.*

dighar_pothe_ek_din

উৎসবের প্রথম দিনের সন্ধ্যায়, তিনটে ছবি দেখানো হয়েছিলো। দ্বিতীয় দিনে, ১৩টি এবং শেষ দিনে আরও সাতটি ডকু শর্ট ফিল্ম প্রদর্শন মিলিয়ে সর্বমোট দু'ডজন ছবি নিয়েই এবারের উৎসবের ডালি সাজানো হয়েছিল। চলচ্চিত্র জগতের অসংখ্য গুণী মানুষ উপস্থিত ছিলেন সাথে ছিলেন বেশ কয়েকজন গুণী সিনেমা পরিচালক ও অভিনেতা। ছবি দেখার মাঝেই ওনারা উপস্থিত দর্শকের সামনে, সিনেমা সম্পর্কিত নানা আলোচনায় অংশ নিয়েছিলেন যেগুলো ছিলো অভিনব। গতবছর এই মনোজ্ঞ আলোচনাগুলি দর্শকের কাছে দারুনভাবে গ্রহণযোগ্যতা পেয়েছিলো। যেকোনো আনন্দ আয়োজনে, রসনা তৃপ্তি না হলে, উৎসব ঠিকমতো প্রাণ পায় না, ঠিকমতো জমে ওঠে না। এরই লক্ষ্যে, তিনদিন ব্যাপী বিশেষ আকর্ষণ হিসাবে পালিত হয়েছে, খাদ্যোৎসব অর্থাৎ মুখরোচক এবং লোভনীয় স্ট্রিট ফুড। ভিন্ন স্বাদের খাদ্যে সম্ভার নিয়ে, হাজির ছিলেন রাজধানী দিল্লির রন্ধনপটু মহিলারা। প্রথাগত অনুষ্ঠানের বাইরে বেরিয়ে আমাদের এই প্রচেষ্টা, এই উদ্যোগে, আমরা যে চূড়ান্ত সফল হয়েছি সেটা জোর গলায় বলতে পারি না। তবে আমরা মনে করি, আমরা মনপ্রাণ দিয়েই এই উৎসবের আয়োজন করেছি এবং ঠিক কতটা সফল হয়েছি, সেই ব্যাপারে হয়তো আগামী দিনে আমরা সঠিক সদুত্তর পাবো।

## "বহির্বঙ্গের বৃহত্তম বইমেলা" - আয়োজনে বেঙ্গল অ্যাসোসিয়েন, দিল্লি

কয়েকদশক ধরে, বহির্বঙ্গে, বর্তমান প্রজন্মের কাছে, মাতৃভাষার প্রতি আবেগ-ভালোবাসা গড়ে তুলে, বাংলা বইপড়া এবং কেনার অভ্যাসকে উজ্জীবিত রেখে আমরা আজও সুনামের সাথে "বহির্বঙ্গের বৃহত্তম বইমেলা" আয়োজকের মর্য্যাদা ধরে রাখতে সচেষ্ট হয়েছি। আপনাদের অবগতির জন্য জানাই, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের একক উদ্যোগে, দিল্লির ইন্ডিয়া গেটের সন্নিকটে, অন্ধ্র ও তেলেঙ্গানা ভবনের ঠিক বিপরীতে, ৫ নাম্বার অশোকা রোডের সুবৃহৎ পরিসরে, আগামী ২০-২৩শে মার্চ, ২০২৫ চারদিন ব্যাপী দ্বাবিংশতিতম দিল্লি বইমেলা, সাহিত্য উৎসব এবং লোকসংস্কৃতি

উৎসব অনুষ্ঠিত হতে চলেছে। আগ্রহী পাঠক ও ক্রেতাদের জন্য, কলকাতা থেকে আগত বিভিন্ন প্রকাশক সংস্থার বইয়ের সম্ভার যেমন থাকছে, ঠিক তেমনই গণ্যমান্য সাহিত্যিকগণের উজ্জ্বল উপস্থিতি ও সাহিত্য সম্পর্কিত নানা মনোজ্ঞ অনুষ্ঠানের পরিকল্পনাও নেওয়া হয়েছে। আরও বিস্তারিত তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট ও ফেসবুক পেজে নজর রাখার অনুরোধ জানাই।

## শোক সংবাদ

বিশিষ্ট শিক্ষাবিদ ডঃ অহীন্দ্র চক্রবর্তীর প্রয়াণে আমরা ব্যথিত। প্রসঙ্গত উল্লেখ্য, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশন এই প্রয়াত শিক্ষাবিদকে ‘সেরা বাঙালি’ হিসাবে সম্মানিত করার সুযোগ পেয়েছিলো। বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে ওনার বিদেহী আত্মার শান্তি কামনা করছি।

ভারতীয় সমান্তরাল সিনেমার পথিকৃৎ শ্যাম বেনেগাল-এর জীবনাবসানে চলচ্চিত্র মহলে গভীর শোকচ্ছায়া নেমে এসেছে। বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে ওনার বিদেহী আত্মার শান্তি কামনা করছি।





With best Compliments
from
हमारी सांस्कृतिक धरोहर को परिचित कराने, सहेजने, मजबूत करने और
विविधताओं को बढ़ावा देने में कार्यरत कलाकारों और संस्थानों के
साथ मिलकर समाज सेवा के लिए तत्पर.
PEACEFUL | SUCCESSFUL | EVENTFUL
PeSuEv
पेसुएव
Ready to Serve the Society in Collaboration with Artists and Groups
Working towards Introducing, Preserving, Strengthening and
Promoting Diversity of Our Cultural Heritage.

## আনন্দ সংবাদ

বিশ্বমঞ্চে আবার এক বঙ্গ তনয়ার জয়জয়কার। বারিদবরণ বাবু ও অসীমা দেবীর সন্তান, দেবলীনা সরকার কলকাতার নবনালন্দা স্কুলের প্রাক্তন ছাত্রী। ইনি ইন্ডিয়ান স্কুল অফ মাইনস ধানবাদ ও জার্মানির উজবার্গ বিশ্ববিদ্যালয় থেকে শিক্ষালাভ করে, এম.আই.টি.-র ন্যানো-সাইবারনেটিক বায়ট্রেক ল্যাবের চিফ সায়েন্টিস্ট হিসাবে কর্মরতা। অণুর মতো হালকা ও অতি ক্ষুদ্র চিপ বানিয়ে, তিনি বিজ্ঞানী মহলে সাড়া ফেলে দিয়েছেন। অতি কম শক্তির জোগানে কাজ করা বৈদ্যুতিক সুইচ প্যানেল তৈরি করে তিনি প্রমাণ করতে সক্ষম হয়েছেন, এই প্রযুক্তির মাধ্যমে মস্তিষ্কের যে কোনো জটিল ক্যানসার, অনেকাংশেই নিরাময় করা সম্ভব। শোনা গেছে, বিশ্বের একাধিক সায়েন্স জার্নালে, এই আবিষ্কারকে বছরের সেরা আবিষ্কার বলে উল্লেখ করা হয়েছে। দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে, ওনাকে অসংখ্য শুভেচ্ছা ও শুভ কামনা জানানো হলো।

## বিশেষ সংবাদ

দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের সহযোগী প্রতিষ্ঠান, মন্দির মার্গের রাইসিনা বেঙ্গলি সিনিয়র সেকেন্ডারী স্কুলের শতবর্ষ পূর্তি উদযাপনের অনুষ্ঠান সাড়ম্বরে পালিত হয়েছে। রাজধানীর বুকে প্রবাসী বাঙালির ঐতিহ্যময় এই শিক্ষা প্রতিষ্ঠান ১৯২৫ সালের ২রা জানুয়ারী পথচলা শুরু করেছিল। বহু গুণী ছাত্রছাত্রী এই প্রতিষ্ঠানে শিক্ষালাভ করে দেশে বিদেশে নানা উচ্চপদে আসীন। বর্তমান ও প্রাক্তন ছাত্রছাত্রীদের সম্মিলিত অংশগ্রহণ এবং এক ঝাঁক গুণী ব্যক্তিত্বের উজ্জ্বল উপস্থিতিতে তিনদিন ব্যাপী এই উৎসব মহাসমারোহে পালিত হয়েছে। রাইসিনা বেঙ্গলি স্কুলের শতবর্ষ পূর্তি উদযাপনের অঙ্গ হিসাবে, স্কুলের গৌরবময় ঐতিহ্যের প্রচার এবং চেতনাকে লালন করতে গত ১৫ই ডিসেম্বর সকাল সাড়ে সাতটায়, স্কুলে মাঠ থেকে একটি ম্যারাথন দৌড়েরও আয়োজন করা হয়েছিলো। ম্যারাথন দৌড় শুরুর রুট ম্যাপ হিসাবে, রাইসিনা স্কুল গেট, কোপার্নিকাস মার্গ, বারাখাম্বা রোড, কনটপ্লেস, শহীদ ভগত সিং মার্গ, গোল মার্কেট, পেশওয়া রোড ছুঁয়ে পুনরায় রাইসিনা স্কুলের গেটে এর শুভ সমাপ্তি ঘোষণা করা হয়েছিলো।


দ্বাবিংশতিতম
দিল্লি বইমেলা
এবং সাহিত্য উৎসব
22nd DILLI BOIMELA
& LITERATURE FESTIVAL
20th -23rd MARCH 2025
VENUE: 5 ASHOKA ROAD, OPP. ANDHRA & TELENGANA BHAVAN, NEAR INDIA GATE, NEW DELHI
BHARAT
Lokotsav
20-23 MARCH, 2025
5, ASHOKA ROAD
NEW DELHI 110 001
আবার
আনন্দ,
আড্ডা,
আদান প্রদান,
অফুরান।
২০ - ২৩ মার্চ ২০২৫
সবার গন্তব্য হোক
৫ নম্বর অশোক রোড

গত ২১শে ডিসেম্বর, অ্যালামনাই অ্যাসোসিয়েশন, এন.সি.ই. বেঙ্গল (NCE Bengal) এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়, দিল্লি চ্যাপ্টারের উদ্যোগে, স্কোপ কনভেনশন সেন্টারের মির্জা গালিব অডিটোরিয়ামে, "Sustgainable Ways - All Pervasive Opportunities for a Brighter Future" শীর্ষক ৩৮তম বার্ষিক সেমিনারের আয়োজন করেছিল। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কেন্ট (Kent R O) কোম্পানির চেয়ারম্যান শ্রী মহেশ গুপ্ত মহাশয়, চেয়ারম্যান কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষ। এছাড়াও অনেক স্বনামধন্য অধ্যাপক, উদ্যোক্তা, সদস্য সেমিনারে বক্তা হিসেবে উপস্থিত ছিলেন। প্রথমে বিশিষ্ট ব্যক্তিবর্গ, প্রবীণ প্রাক্তন ছাত্র-সদস্য ও পদাধিকারীদের দ্বারা প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে বার্ষিক সেমিনারের শুভ সূচনা হয়। পরে সভাপতি ঋত্বিক সেনগুপ্ত এবং সাধারণ সম্পাদক শ্রী সৌমিত্র ভট্টাচার্যের স্বাগত ভাষণের মাধ্যমে মূল অনুষ্ঠান শুরু হয়। এটি ছিল সমগ্র দিনব্যাপী চলা একটি সেমিনার। কনভেনর শ্রী প্রদীপ্ত দত্তের ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সেমিনারের সমাপ্তি হয়।

গত ২৯শে ডিসেম্বর, মাতৃমন্দির লাইব্রেরী হলে, আশাতীত সাফল্যের সঙ্গে অনুষ্ঠিত হয়েছে 'বঙ্গ সংস্কৃতির আসর'। শীতের প্রকোপ উপেক্ষা করেও প্রবল ঠান্ডা এবং মেঘলা দিনেও সকলের উপস্থিতি বেশ খানিকটা উত্তাপ এনে দিয়েছিল। গান, কবিতা, গল্পপাঠ এবং বিশিষ্ট ঔপন্যাসিক ও গল্পকার রমাপদ চৌধুরী সম্পর্কে কথনে আসরটি মনোগ্রাহী হয়ে উঠেছিল। সেদিনের আসরে সঙ্গীত পরিবেশন করেন, শ্রী চন্দ্রনাথ মুখার্জ্জী। আসরের প্রথা মেনে, সমবেত কণ্ঠে আসরের সূচনা হয়েছিল 'বাংলার মাটি বাংলার জল' গানটি গেয়ে। পৌষের আসরে অন্য মাত্রা যোগ করেছিল সুস্বাদু পাটিসাপটা আর চা। 'মোদের গরব মোদের আশা' গানটি গেয়ে আসরের সমাপ্তি ঘোষণা করা হয়।

আপনি কি বেঙ্গল অ্যাসোসিয়েশনের
সদস্য হতে চান?

অথবা সদস্যতা নেবার পর
ঠিকানা বা ফোন নং পরিবর্তিত হয়েছে?

যোগাযোগ করুন
বেঙ্গল অ্যাসোসিয়েশনের অফিসে

ফোন নংঃ
**+91 7303400554**
ইমেলঃ
**bengalassociation1819@gmail.com**

**www.bengalassociation.com**

# রাজধানী এবং সন্নিহিত অঞ্চলের সাংস্কৃতিক সংবাদ

গত ২১শে ডিসেম্বর, দিল্লির অন্যতম নাট্যদলৱ সাঁঝবাতির প্রযোজনায়, বিপিন চন্দ্র পাল প্রেক্ষাগৃহে দুটি দারুন স্বাদের নাটক মঞ্চস্থ হয়েছে। প্রথম নাটকটি বাদল সরকারের পূর্ণাঙ্গ মজার ফ্যান্টাসি 'যদি আরেকবার' এবং দ্বিতীয় নাটকটি শুদ্ধসত্ত্ব বন্দোপাধ্যায় রচিত 'সোনার কাঠি রুপোর কাঠি'। দুটি নাটকেরই নির্দেশনায় ছিলেন, অভিনেতা শুদ্ধসত্ত্ব বন্দোপাধ্যায়। নাটক শুরুর আগে দিল্লির জনপ্রিয় অভিনেতা ও বাচিক শিল্পী প্রণব চক্রবর্তী (গদাইদা) কে সংবর্ধনা ও সম্মাননা জ্ঞাপন করা হয়। উপস্থিত ছিলেন দিল্লিতে পশ্চিমবঙ্গ সরকারের রেসিডেন্ট কমিশনার উজ্জয়িনী দত্ত, অমিতাভ মুখার্জী, বাদল রায়, প্রদীপ গাঙ্গুলী এবং বহুসংখ্যক নাট্যমোদী ব্যক্তিরা।

গত ২১শে ডিসেম্বর, রাজধানী দিল্লির সহচরী মহিলা গোষ্ঠীর বিশেষ উদ্যোগে, চিত্তরঞ্জন পার্কের চিত্তরঞ্জন ভবনে 'পৌষ উৎসব' উদযাপন করা হয়েছে। প্রধান অতিথি ছিলেন ডাঃ শ্রী আনন্দ মুখার্জী, শ্রী আদিত্য সেন ও বিশেষ অতিথি ছিলেন সুস্মিতা চক্রবর্তী। এই অনুষ্ঠানে 'সহচরী অনন্যা' সম্মানে সম্মানিত করা হলো দিল্লি ও পার্শ্ববর্তী এলাকার এগারোজন বিশিষ্ট মহিলাকে যারা স্বীয় ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রেখেছেন। পৌষের বিভিন্ন ধারার গান পরিবেশনা করেছেন সাম্পান, ত্রয়ী ও গীতিমঞ্জরীর সহশিল্পীবৃন্দ। নৃত্য পরিবেশনায় ছিল নক্ষত্র ডান্স একাডেমীর ছাত্রীরা। এরপর সহচরী মহিলা গোষ্ঠীর সদস্য শিল্পীদের 'পৌষের এই লগনে' শীর্ষক একটি নৃত্য-গীতি আলেখ্য পরিবেশনার মাধ্যমে অনুষ্ঠানের পরিসমাপ্তি ঘটে।

গত ৪ঠা জানুয়ারী, উক্ত অনুষ্ঠানে, করোলবাগ বঙ্গীয় সংসদের স্থাপনা দিবস উদযাপন উপলক্ষ্যে, সংসদ হলে সান্ধ্যকালীন সাংস্কৃতিক অনুষ্ঠান পালিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে. মিহির বসু ও বিশাখা বসু সহ রাজধানী শহরের গুণী শিল্পীরা অংশ নেন।


অঙ্কুর
ankur
মদনপুর খাদার অঞ্চলে প্রান্তিক শিশুদের জন্য
বেঙ্গল অ্যাসোসিয়েশনের স্কুল 'অঙ্কুর'।
স্কুলটির জন্য সাহায্য করতে এগিয়ে আসুন।
নিচে QR Code স্ক্যান করে মুক্তহস্তে দান করুন।
A GENEROUS STEP TOWARDS THE GROWTH OF EDUCATION,
PLEASE JOIN HANDS WITH US AND DONATE FOR
'ANKUR' OUR PRIMARY SCHOOL AT MADANPUR KHADAR
FOR THE UNDERPRIVILEGED. OUR SUPPORT TODAY, CAN GIVE
THEM WINGS TO REACH THE SKY TOMMORROW!
Paytm
Accepted Here
PLEASE SCAN THE QR CODE IF YOU WISH
TO CONTRIBUTE FOR THIS NOBLE CAUSE.
IN ORDER TO OBTAIN A RECEIPT
PLEASE SHOW THE SCREEN SHOT
OF THE TRANSACTION AT
BENBAL ASSOCIATION MUKTADHARA OFFICE.
FOR FURTHER INFORMATION
CONTACT: 73834 54989


dhwani
PRESENTS
विद्रोह
FIGHTING BACK
A Symposium on
Mental Wellness through Performing Arts
January 16, 2025 | 6:30pm
Kamani Auditorium, New Delhi
Supported by

# রাজধানী দিল্লির আগামী সাংস্কৃতিক সংবাদ

আগামী ১০-১২ জানুয়ারী নয়ডা ৬৩ সেক্টরের এইচ ব্লকের কর্পোরেট গ্রাউন্ডে, NCR বেঙ্গলী ট্রাস্ট, ইনোভেশন হোপ এবং ফেইথ ফাউন্ডেশনের সাথে মিলিত উদ্যোগে একটি অভিনব "পৌষ মাঘ মেলা" পরিচালনা করতে চলেছে। তিনদিন ব্যাপী এই সাংস্কৃতিক ইভেন্টটি সংস্কৃতি মন্ত্রকের দ্বারা যথাযথভাবে সমর্থিত ভারতের সমৃদ্ধ সাংস্কৃতিক এবং ঐতিহাসিক এবং সামাজিক ঐতিহ্য প্রদর্শন করবে। ইভেন্টটি সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যের সাথে যুক্ত দেশের তথা বলিউডের গুণী সংগীতশিল্পীদের লাইভ প্রোগ্রাম এবং কারুশিল্পের বিপুল সম্ভার থাকবে। উদ্যোক্তাগণ আগ্রহী ব্যক্তিদের সকলকে স্বাগত জানিয়েছেন।

আগামী ১০-১২ জানুয়ারী, চিত্তরঞ্জন পার্ক বঙ্গীয়. সমাজ সংস্থার সুবর্ণ জয়ন্তী উৎসবের অঙ্গ হিসাবে, স্বামী বিবেকানন্দ মেলা গ্রাউন্ডে ঐতিহ্যময় পৌষমেলা পালিত হবে। সান্ধ্যকালীন সাংস্কৃতি অনুষ্ঠানে সংগীত জগতের জনপ্রিয় তারকারা যথাক্রমে রাঘব চ্যাটার্জী, সোমলতা আচার্য্য চৌধুরী, সুদেষ্ণা গাঙ্গুলী, সৌম্য বোস, অর্কদীপ মিশ্র এবং উজ্জয়িনী মুখার্জী গান পরিবেশনে উপস্থিত থাকবেন। উদ্যোক্তারা জানিয়েছেন, কোনো প্রবেশ মূল্য ছাড়াই আগ্রহীরা এই অনুষ্ঠানের আনন্দ উপভোগ করতে পারবেন।

আগামী ১০-১২ জানুয়ারী, নয়ডা কালীবাড়ির বেঙ্গলি কালচারাল অ্যাসোসিয়েশন (NBCA) প্রতি বছরের মতো এই বছরেও, পৌষমেলার আয়োজন করতে চলেছে। এই উৎসবকে কেন্দ্র করে পিঠাপুলি ও নিমকি তৈরির একটি প্রতিযোগিতা রাখা হয়েছে। এছাড়া অঙ্কন প্রতিযোগিতা, লাকি ড্র, বইমেলা ও সাহিত্য সভার আয়োজনও করা হয়েছে।


আগামী ১২ই জানুয়ারী দুপুরে, পৌষ পার্বণ উপলক্ষ্যে দক্ষিণ দিল্লি কালীবাড়িতে বিগত বছরের মত এবছরেও "পিঠা উৎসবের" আয়োজন করা হয়েছে। সাংস্কৃতিক অনুষ্ঠানে, মাটির গান শোনাতে উপস্থিত থাকবে, রাজধানী সন্নিহিত অঞ্চলের সঙ্গীত গোষ্ঠী সাম্পান।

আগামী ১৫-১৬ই ফেব্রুয়ারী, মহাসাধক ও বাউল সম্রাট ফকির লালন সাঁইজির জন্ম ও তিরোধান দিবস স্মরণোৎসব পালনের অঙ্গ হিসাবে, রাজধানী দিল্লির সন্নিহিত অঞ্চল গাজিয়াবাদের ইন্দিরাপুরমে, সুরালাপ গ্লোবাল মিউজিক কনসার্টস এবং প্রান্তিক কালচারাল সোসাইটির যৌথ উদ্যোগে, মানবতার এই মহোৎসব শীর্ষক একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। বাংলা থেকে প্রায় পঁচিশজন বাউল সাধক ও শিল্পীরা সম্মিলিত হয়ে, লালন সাঁইজির ও বাউল মহাজনদের অমৃত বাণী পরিবেশন করবেন। এই বিশেষ আয়োজনে, বাউল গুরু শিষ্য কর্মশালা, শ্রীবাস অঙ্গন, সাধু সঙ্গ, সাঁইজির আখড়া, আলোচনা সভা, বাদ্যযন্ত্র প্রদর্শনী সহ খাদ্য ও হস্তশিল্প প্রদর্শনীর আনন্দ উপভোগ করার সুযোগ পাবেন উৎসাহী ব্যক্তিরা।

# একটি বিশেষ আবেদন

বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লি এবং সংলগ্ন বাঙালিদের কাছে বিভিন্ন অনুষ্ঠানের খবরাখবর 'অ্যাসোসিয়েশন সংবাদ' নামক একটা মানসিক ক্ষুদ্র পত্রিকার মাধ্যমে আপনাদের কাছে তুলে ধরার চেষ্টা করে। যদি আপনারা নিজ এলাকার সাংস্কৃতিক সংবাদ, প্রত্যেক মাসের ২৫ তারিখের মধ্যে, আমাদের কাছে সযত্নে পাঠিয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দেন, তাহলে আমরা যথাসম্ভব সেগুলো প্রকাশ করে সবার কাছে পৌঁছে দিতে সচেষ্ট হবো। আপনারা এই সমস্ত সংবাদ, বাংলা, হিন্দি এবং ইংরেজি এই তিনটির যেকোনো ভাষায় আমাদের কাছে ই-মেল করে (associationsangbad@gmail.com) অথবা আমাকে ব্যক্তিগত হোয়াটস্যাপ (রাজা চট্টোপাধ্যায় - 9810484734) মাধ্যমেও পাঠাতে পারেন।


bnoyedbounds
THE SECOND
INTERNATIONAL
DOCUMENTARY
& SHORT FILM
FESTIVAL 2024
ORGANISED BY
BENGAL ASSOCIATION
NEW DELHI
©RajaC




edbounds
THE SECOND
INTERNATIONAL
DOCUMENTARY
& SHORT FILM
©RajaC


©RajaC


bnoyedbounds
EIL
©RajaC


©RajaC








Editor and Publisher Shri Prodip Ganguly
Published on behalf of Bengal Association, New Delhi.
Designed & Composed by Roma Chakraborty, C.R. Park, 9213134487